



লেখক-পরিচিতি

আব্দুল হামীদ ফাইযী (যুন্মা) মাদানী ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আউশ গ্রাম থানার অন্তর্গত আলেফ নগর গ্রামে ১৯৬৫ সালে লেখকের জন্ম।

হাতে-খড়ি গ্রামের মক্তব থেকেই। বাংলা লেখাপড়া আউশ গ্রাম হাই স্কুলে। আরবী শিক্ষার প্রাথমিক মাদ্রাসা হল, পুবার ইসলামিয়া নিয়ামিয়া মাদ্রাসা। এখানকার আদর্শ ওস্তায় ছিলেন মুহতারাম মওলানা নাজমে আলম শামসী সাহেব। হাফিয়াহুল্লাহ।

মাধ্যমিক বিভাগের পড়াশোনা হয় বীরভূম জেলার মহিষাডহরীর জামেআ রিয়াযুল উলুমে। এখানকার আদর্শ ওস্তায় ছিলেন শাইখুল হাদীস মুহতারাম মওলানা আব্দুর রউফ শামীম সাহেব। হাফিয়াহুল্লাহ।

উচ্চ বিভাগের পড়াশোনার জন্য তিনি সফর করেন উত্তর প্রদেশের প্রসিদ্ধ শিক্ষা-প্রতিষ্ঠান জামেআ ফাইযে আম। এখানে তাঁর আদর্শ ওস্তায় ছিলেন মুহতারাম মওলানা হাফেয নিসার আহমদ আ'যমী সাহেব। হাফিয়াহুল্লাহ। ফাইয আম থেকে তিনি স্কলারশিপ নিয়ে সউদী আরবে মদীনা নববিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে সউদী সরকারের খরচে পড়াশোনা করে কৃতিত্বের সাথে 'লেসান্স' ডিগ্রী লাভ করেন।

বর্তমানে তিনি সউদিয়াতেই আল-মাজমাআহ শহরে ইসলামিক সেন্টারে দাওয়াত ও তবলীগের কাজে নিযুক্ত আছেন।

তাঁর প্রণীত ও অনূদিত ত্রিশাধিক পুস্তক-পুস্তিকা রয়েছে।